দিনাজপুর বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১.▶ তাসমিয়া কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ৪,০০,০০০ টাকা যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৪,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ছিল নিম্নরূপ—

তাসমিয়া কোম্পানি লি.
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

ডেবিট — ক্রেডিট

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৯০,০০০	শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা মূল্যের ৩,০০০ শেয়ার)	৩,০০,০০০
কলকব্জা	৯০,০০০		
বেতন (১০ মাস)	২০,০০০		
বিমা সেলামি	২০,০০০	অদাবিকৃত লভ্যাংশ	২০,০০০
চালানি কারবারে প্রেরিত পণ্য	৩,০০০	প্রদেয় হিসাব	৯৮,৮০০
		কমিশন প্রাপ্তি	১,২০০
প্রাপ্য হিসাব	১,৪০,০০০	১০% ঋণপত্র (১-৭-২০১৫)	৮০,০০০
পরিচালকের সম্মানী	৬,০০০	সংরক্ষিত আয় (১-১-২০১৫)	৫২,০০০
সাধারণ খরচাবলি	৪,০০০	বিক্রয়	২,৭৫,০০০
ভাড়া	৭,২০০	ক্রয় ফেরত	৫,০০০
বিজ্ঞাপন খরচ	৯,৮০০		
ব্যাংকে জমা	৭২,৮০০		
ক্রয়	১,৫০,০০০		
বিক্রয় ফেরত	১০,০০০		
আসবাবপত্র	১,৮০,০০০		
মজুরি	২০,০০০		
আমদানি শুল্ক	১০,০০০		
	৮,৩২,০০০		৮,৩২,০০০

সমন্বয়সমূহ : ১. সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে কিন্তু উহার বাজারমূল্য ১,০০,০০০ টাকা। ২. চালানি কারবারের প্রেরিত সকল পণ্য ৫% কমিশন প্রদান সাপেক্ষে ৪,০০০ টাকা বিক্রয় করা হয়েছে। ৩. কলকব্জা ও যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করো। ৪. নিট লাভের ৫,০০০ টাকা কর্মচারী কল্যাণ তহবিলে স্থানান্তর করতে হবে। ৫. অদাবিকৃত লভ্যাংশ সম্পূর্ণভাবে অবলোপন করতে হবে। ৬. শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. তাসমিয়া কোম্পানি লি.-এর চালানি কারবারে প্রেরিত পণ্যের মুনাফা অথবা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ৩৫,৪০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

২.▶ মিতা কোম্পানি লি.-এর প্রতিটি ২০ টাকা মূল্যের ২৫,০০০ শেয়ারে বিভক্ত মোট ৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ—

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মজুদ পণ্য (১-১-১৫)	২,২০,০০০	
দালানকোঠা	৬,৫০,০০০	
পণ্য ক্রয়	৬,০০,০০০	
মজুরি	২,২০,০০০	
বেতন	১,৫০,০০০	
ভাড়া (তিন চতুর্থাংশ)	৩০,০০০	
সুনাম	২,০০,০০০	
প্রাপ্য হিসাব	১,৬০,০০০	
বিজ্ঞাপন	৩০,০০০	
নগদ তহবিল	১,২৩,৫০০	
প্রাথমিক খরচাবলি	৩০,০০০	
কলকব্জা ও যন্ত্রপাতি	৩,৪০,০০০	
শেয়ার মূলধন (২০ টাকা মূল্যের ২২,৫০০ শেয়ার)		৪,৫০,০০০
১০% ঋণপত্র		৩,৫০,০০০
পণ্য বিক্রয়		১৬,৫০,০০০
প্রদেয় হিসাব		৩,৫০,০০০
ক্রয় ফেরত		১০,০০০
ব্যাংক চার্জ	১,৫০০	
১০% বিনিয়োগ (১-৭-২০১৫)	১,৫৫,০০০	
শেয়ার অধিহার		১,০০,০০০
	২৯,১০,০০০	২৯,১০,০০০

অন্যান্য তথ্য : ১. সমাপনী মজুদ পণ্য ১,২০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। ২. ১০,০০০ টাকা মূল্যের পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে। মোট বিজ্ঞাপন খরচের এক-চতুর্থাংশ অবলোপন করতে হবে।। ৩. ধারে ক্রয় ২০,০০০ টাকা হিসাবভুক্ত হয় নি। ৪. যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা মজুরির মধ্যে অন্তর্ভুক্ত আছে। যন্ত্রটি ১-৭-১৫ তারিখে সংস্থাপন করা হয়েছিল। ৫. সুনামের ৫০% অবলোপন করতে হবে। ৬. নিট লাভের ৫০,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। ৭. আয়কর সঞ্চিতি বাবদ ৫,০০০ টাকা রাখতে হবে।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা ৯,৫০,০০০ টাকা ধরে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য কোম্পানির নিট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. কোম্পানির মোট সম্পদ এবং মোট চলতি দায়-এর পরিমাণ নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩.▶ রাফি, রিপন এবং কাফি একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ-লোকসানের অনুপাত যথাক্রমে $\frac{১}{২}, \frac{১}{৩}, \frac{১}{৬}$। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে অংশীদারদের মূলধন ছিল রাফি ২,০০,০০০ টাকা, রিপন ১,৫০,০০০

টাকা এবং কাফি-এর ২,০০ টাকা। রাফি এবং কাফি তাদের সার্বক্ষণিক কাজের জন্য ব্যবসায় হতে যথাক্রমে ৪,০০০ টাকা এবং ৩,০০০ টাকা করে মাসিক বেতন পাবেন। মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। প্রত্যেক মাসের শেষ তারিখে রাফি, রিপন এবং কাফি ব্যবসায় হতে যথাক্রমে ৬,০০০ টাকা, ৩,০০০ টাকা এবং ৩,০০০ টাকা নগদ উত্তোলন করেছিলেন। রাফি ২০১৫ সালের ১ জুলাই তারিখে ২০,০০০ টাকা কারবারে ঋণস্বরূপ প্রদান করেন। কাফি এবং রিপন যৌথভাবে কাফিকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেছিলেন যে, কাফি তার বেতন এবং মূলধনের সুদ ছাড়াও লাভের অংশ বাবদ বছরে কমপক্ষে ৩৫,০০০ টাকা পাবেন। উপরোক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ২,০০,০০০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের বার্ষিক উত্তোলনের সুদ এবং রাফির ঋণের সুদ নির্ণয় করো। ২
খ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি করো। ৪
গ. রাফি এবং রিপনের মূলধন হিসাব তৈরি করো। ৪

৪. ▶ শারমিন টেক্সটাইল লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত। ৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে ঢাকা স্টক এক্সচেঞ্জে নিবন্ধিত হয়। কোম্পানি উহা হতে ১০,০০০ শেয়ার ১০% অধিহারে সিয়াম মেশিনারিজ লি. কে ইস্যু করে ১৫টি টেক্সটাইল মেশিন সংগ্রহ করে। অবশিষ্ট শেয়ার হতে ৩০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের জন্য ইস্যু করে। মোট ৩৬,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। কোম্পানি পরিচালনা পর্ষদ ৩০,০০০ শেয়ার যথারীতি বণ্টন করে। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত দেয়। জনসাধারণের কাছে ইস্যুকৃত শেয়ারের ওপর অবলেখককে শেয়ার প্রতি ০.৫০ টাকা কমিশন প্রদান করা হয়।

ক. ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ও শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উদ্দীপকের আলোকে প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৫. ▶ রাজাপুর যুব সংঘ-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে প্রদত্ত হলো—

রাজাপুর যুব সংঘ
প্রাপ্তি ও প্রদান হিসাব

প্রাপ্তিসমূহ		টাকা	প্রদানসমূহ	টাকা
উদ্বৃত্ত (১-১-১৫)		৩,৫০০	বেতন	২৪,০০০
চাঁদা:			মনিহারি	৪,৫০০
২০১৪	২,০০০		খাদ্যসামগ্রী ও পানীয়	২১,৫০০
২০১৫	৩৫,৫০০		কর ও অভিকর	৪,০০০
২০১৬	১,৫০০	৩৯,০০০	আসবাবপত্র ক্রয়	২৮,০০০
			উদ্বৃত্ত (৩১-১২-১৫)	১৬,০০০
অনুদান প্রাপ্তি		১৫,০০০		
খাদ্যসামগ্রী ও পানীয় বিক্রয়		৩৫,০০০		
প্রবেশ ফি		৫,০০০		
পুরাতন খবরের কাগজ বিক্রয়		৫০০		
		৯৮,০০০		৯৮,০০০

২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের অন্যান্য সম্পদ ও দায়ের পরিমাণ নিম্নরূপ ছিল:
আসবাবপত্র ৩,০০০ টাকা, ১৫% বিনিয়োগ ৪০,০০০ টাকা এবং খাদ্যসামগ্রী ও পানীয় ৮,৫০০ টাকা।

অন্যান্য তথ্য : ১. বার্ষিক চাঁদার হার ১০০ টাকা করে ৪৫ জন সদস্যের নিকট হতে এ বছরের চাঁদা এখনো পাওয়া যায় নি। ২. বেতন বাবদ ৩,০০০ টাকা, খাদ্যসামগ্রী ও পানীয় বাবদ ২,০০০ টাকা এখনো বকেয়া রয়েছে। ৩. ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে অব্যবহৃত মনিহারি দ্রব্যাদির পরিমাণ ১,৫০০ টাকা ছিল এবং ৩১ ডিসেম্বর তারিখে অব্যবহৃত মনিহারি দ্রব্যাদি ২,৭০০ টাকায় মূল্যায়ন হয়েছে। অধিকন্তু চলতি বছরে মনিহারি দ্রব্যাদি বাবদ ২,০০০ টাকা এখনা পরিশোধ করা হয় নি। ৪. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে খাদ্যসামগ্রী ও পানীয় মজুদ ৬,৫০০ টাকায় মূল্যায়ন করা হয়। ৫. বার্ষিক কর ও অভিকরের পরিমাণ ৪,০০০ টাকা, প্রত্যেক বছর কর ও অভিকর পরবর্তী বছরের ৩১ মার্চ পর্যন্ত অগ্রিম পরিশোধ করা হয়।

ক. খাদ্যসামগ্রী ও পানীয় হতে কত টাকা লাভ বা ক্ষতি হয়েছে তা নির্ণয় করো। ২
খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪
গ. বছর শেষে ক্লাবের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

৬.▶ জুয়েল, জিকু একটি কোম্পানির দুইজন শ্রমিক। নিম্নে তাদের মজুরি সংক্রান্ত তথ্যাবলি প্রদত্ত হলো—

বিবরণ	জুয়েল টাকা	জিকু টাকা
মূল মজুরি	১,৭৫০	১,৮০০
মহার্ঘ ভাতা (মূল মজুরির)	১০%	১০%
বাড়িভাড়া ভাতা (মূল মজুরির)	৪০%	৪০%
যাতায়াত ভাতা	২০০	৩০০
আপ্যায়ন ভাতা	২৫০	২৫০
চিকিৎসা ভাতা	৩০০	৩০০
ওভারটাইম	১০ ঘণ্টা	২০ ঘণ্টা
প্রভিডেন্ট ফান্ডে কর্মীর দান (মূল মজুরির)	১০%	১০%
মজুরি হতে অগ্রীম কর্তন	১০০	১০০
প্রভিডেন্ট ফান্ড হতে অগ্রীম কর্তন	৪০	৫০
কল্যাণ তহবিলে কর্তন (মূল মজুরির)	৫%	৫%
মাসিক স্বাভাবিক কর্মঘণ্টা ২০০। ওভারটাইম হার স্বাভাবিক মজুরির হারের দ্বিগুণ।		

ক. ঘণ্টাপ্রতি স্বাভাবিক মজুরি হার এবং ওভারটাইম মজুরি হার নির্ণয় করো। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি হতে নিট মজুরি নির্ণয় করো। ৪
গ. মজুরি বিবরণীর প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

৭.▶ আদিব গার্মেন্টস লি.-এর গুদামের তথ্যাবলি নিম্নে উপস্থাপন করা হলো—

২০১৫
মার্চ ১ প্রারম্ভিক মজুদ ৫০০ একক, প্রতি একক ২০০ টাকা দরে।
" ৩ প্রাপ্তি ২৫০ একক, প্রতি একক ১৮০ টাকা দরে।
" ১০ কারখানায় ইস্যু ৪০০ একক।
" ১৩ কারখানায় ইস্যু ২১০ একক।

" ১৫ প্রাপ্তি ২৪০ একক প্রতি একক ২২০ টাকা দরে।
" ১৭ কারখানা হতে ফেরত প্রাপ্তি ১৫ একক ১৩ তারিখের ইস্যু হতে।
" ২০ কারখানায় ইস্যু ১০০ একক।
" ২১ মজুদ পরীক্ষা করে ১০ একক ঘাটতি দেখা গেল।
" ২৫ প্রাপ্তি ৩৩০ একক প্রতি একক ২৫০ টাকা দরে।
" ২৯ ২৫ তারিখে ক্রয়কৃত মালের ১০০ একক পাওনাদারকে ফেরত দেয়া হলো।

ক. নিট ক্রয়কৃত মালের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১, ৩, ১০, ১৫, ২০ ও ২১ তারিখের লেনদেন অবলম্বনে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪
গ. ১, ১৩, ১৫, ১৭, ২০, ২৫ ও ২৯ তারিখের লেনদেন অবলম্বনে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

৮. ▶ মিথিলা কোম্পানি লি. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে অবস্থার বিবরণী এবং অন্যান্য তথ্য নিম্নে প্রদত্ত হলো—

আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর, ২০১৫

বিবরণ	টাকা	মোট টাকা
শেয়ার অবহার	২২,৫০০	
দালানকোঠা	১,২০,০০০	
মজুদ পণ্য	৩০,০০০	
প্রাপ্য হিসাব	৬৫,০০০	
প্রাপ্য নোট	২৫,০০০	
হাতে নগদ	৪০,০০০	
অগ্রিম বেতন	২,৫০০	
		৩,০৫,০০০
মালিকানা স্বত্ব ও দায়সমূহ:		
শেয়ার মূলধন	১,০০,০০০	
সংরক্ষিত আয় বিবরণী	৫০,০০০	
অদাবিকৃত লভ্যাংশ	২৫,০০০	
ব্যাংক জমাতিরিক্ত	৩০,০০০	
১০% বন্ধকি ঋণ	৩৫,০০০	
প্রদেয় হিসাব	৫০,০০০	
প্রদেয় নোট	১৫,০০০	
		৩,০৫,০০০

প্রারম্ভিক মজুদ ২০,০০০ টাকা, সমাপনী মজুদ ৩০,০০০ টাকা, ক্রয় ২,২৫,০০০ টাকা বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% লাভে পণ্য ধারে বিক্রয় করা হয়।

ক. বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় করো এবং মন্তব্য করো। ৪
গ. মজুদ আবর্তন অনুপাত এবং প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত নির্ণয় করো এবং মন্তব্য করো। ৪

৯.▶ একটি কোম্পানির হিসাব বহি হতে নিম্নলিখিত তথ্যাবলি পাওয়া গেল—

হিসাবের নাম	টাকা
একক প্রতি বিক্রয়মূল্য	১০০
পরিবর্তনশীল ব্যয় একক প্রতি	৭৫
স্থায়ী ব্যয়	১,০০,০০০

তোমার করণীয়:

ক. সমচ্ছেদ বিন্দু নির্ণয় করো। (টাকা ও এককে) ২

খ. যদি বিক্রয়ের পরিমাণ ৬,০০০ একক হয় তবে মুনাফার পরিমাণ কত? ৪

গ. যদি কোম্পানি ১,০০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চায় তবে কত একক বিক্রয় করতে হবে। ৪

উত্তরমালা

১. **ক.** চালানি কারবারে প্রেরিত পণ্যের মুনাফা ৮০০ টাকা। **খ.** মোট লাভ ৮০,০০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫,৫৭,২০০ টাকা।

২. **ক.** নিট ক্রয়ের পরিমাণ ৬,০০,০০০ টাকা। **খ.** নিট মুনাফা ৬,১৬,২৫০ টাকা। **গ.** মোট সম্পদের পরিমাণ ১৭,৩৬,২৫০ টাকা এবং মোট চলতি দায়ের পরিমাণ ৪,২০,০০০ টাকা।

৩. **ক.** উত্তোলনের সুদ : রাফি ১,৬৫০ টাকা; রিপন ৮২৫ টাকা; কাফি ৮২৫ টাকা এবং রাফির ঋণের সুদ ৬০০ টাকা। **খ.** মুনাফার অংশ : রাফি ৩৩,৭২০ টাকা; রিপন ২২,৪৮০ টাকা ও কাফি ৩৫,০০০ টাকা। **গ.** মূলধন হিসাবের উদ্বৃত্ত : রাফি ২,১৮,০৭০ টাকা এবং রিপন ১,৪৩,১৫৫ টাকা।

৪. **ক.** ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ৪০,০০০ এবং শেয়ার অধিহার ৪০,০০০ টাকা। **খ.** জাবেদার যোগফল ৯,১৭,০০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,৪০,০০০ টাকা।

৫. **ক.** খাদ্যসামগ্রী ও পানীয় হতে লাভ ৯,৫০০ টাকা। **খ.** ব্যয়াতিরিক্ত আয় ২৪,৭০০ টাকা। **গ.** মোট সম্পদের পরিমাণ ১,০৭,৭০০ টাকা।

৬. **ক.** ঘণ্টা প্রতি স্বাভাবিক মজুরি : জুয়েল ৮.৭৫ টাকা ও জিকু ৯ টাকা এবং ওভারটাইম মজুরি : জুয়েল ১৭.৫ টাকা ও জিকু ১৮ টাকা। **খ.** নিট মজুরি ৬,৬৩৭.৫ টাকা, জুয়েল ৩,১৪৭.৫ টাকা এবং জিকু ৩,৪৯০ টাকা। **গ.** জাবেদার যোগফল ২১,৫৫৭.৫ টাকা।

৭. **ক.** নিট ক্রয়কৃত মালের পরিমাণ ৭২০ একক ও তার মূল্য ১,৫৫,৩০০ টাকা। **খ.** সমাপনী মজুদ পণ্য ৪৬০ একক এবং যার মূল্য ৯৭,২১৯ টাকা। **গ.** সমাপনী মজুদ পণ্য ৬৭৫ একক এবং যার মূল্য ১,৫১,৩০০ টাকা।

৮. **ক.** বিক্রয়ের পরিমাণ ২,৬৮,৭৫০ টাকা। **খ.** চলতি অনুপাত ১.৩৫ ঃ ১; তারল্য অনুপাত ১.৪৪ ঃ ১। **গ.** মজুদ আবর্তন অনুপাত ৮.৬ বার ও প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত ২.৯৯ বার।

৯. **ক.** সমচ্ছেদ বিন্দু ৪,০০০ একক এবং যার মূল্য ৪,০০,০০০ টাকা। **খ.** মুনাফার পরিমাণ ৫০,০০০ টাকা। **গ.** প্রত্যাশিত বিক্রয় ৮,০০০ একক।

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি কোনটি?
ক) সদস্য সংখ্যা খ) স্থায়িত্ব
গ) চুক্তি ঘ) সম্মতি

২. নিচের কোনটি মূলধন জাতীয় প্রাপ্তি?
ক) চাঁদা প্রাপ্তি খ) সুদ প্রাপ্তি
গ) উপভাড়া প্রাপ্তি ঘ) অনুদান

৩. হাতে নগদ হিসাব একটি—
ক) সম্পত্তিবাচক হিসাব খ) নামিক হিসাব
গ) দায়বাচক হিসাব ঘ) ব্যক্তিবাচক হিসাব

৪. অংশীদারি ব্যবসায়ের সর্বনিম্ন সদস্য সংখ্যা কতজন?
ক) ২ জন খ) ৭ জন
গ) ১০ জন ঘ) ২০ জন

৫. নিচের কোনটি অন্তঃদায়?
ক) বকেয়া বেতন খ) সঞ্চিতি তহবিল
গ) অনুপার্জিত আয় ঘ) ঋণের বকেয়া সুদ

৬. বাজেট হলো—
ক) অতীতের ঘটনাগুলোর সংখ্যাত্মক প্রকাশ
খ) ভবিষ্যতের পরিকল্পনার লেখচিত্র উপস্থাপন
গ) বর্তমান পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ
ঘ) ভবিষ্যতের পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ

৭. নগদ প্রবাহ বিবরণী প্রস্তুতের ধাপ কয়টি?
ক) দুইটি খ) তিনটি গ) চারটি ঘ) পাঁচটি

৮. নিচের কোনটি রূপান্তরিত ব্যয়ের উপাদান?
ক) কাঁচামাল খ) মজুরি
গ) অফিস ভাড়া ঘ) বিজ্ঞাপন

৯. উৎপাদন এককপ্রতি স্থির ব্যয়ের উদাহরণ কোনটি?
ক) বিজ্ঞাপন খ) পরিবহন
গ) কাঁচামাল ঘ) বিদ্যুৎ খরচ

১০. অনগদ দফা কোনটি?
ক) প্রাথমিক খরচাবলি খ) অবচয় খরচ
গ) অগ্রিম বিমা ঘ) অনুপার্জিত আয়

১১. শেয়ার অবহারের সর্বোচ্চ হার কত?
ক) ৫% খ) ১০% গ) ১৫% ঘ) ২০%

১২. নগদ প্রবাহ বিবরণী কী?
ক) নগদ ক্রয়-বিক্রয় বিবরণী
খ) নগদ বিক্রয় বিবরণী
গ) নগদ প্রাপ্তি ও প্রদান বিবরণী
ঘ) নগদ বহিঃপ্রবাহ বিবরণী

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।
বাবুল স্মৃতি ক্লাবের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে চাঁদা প্রাপ্তি ছিল ৮০,০০০ টাকা চলতি বছরের বকেয়া চাঁদা আছে ১০,০০০ টাকা, বিগত বছরের বকেয়া চাঁদা চলতি বছরে আদায় হয়েছে ৫,০০০ টাকা এবং ২০১৬ সালের চাঁদা এ বছর পাওয়া গেছে ৮,০০০ টাকা।

১৩. ২০১৫ সালের চাঁদা বাবদ আয় কত?
ক) ৫৭,০০০ টাকা খ) ৭৭,০০০ টাকা
গ) ৮৩,০০০ টাকা ঘ) ৮৭,০০০ টাকা

১৪. পরবর্তী বছরের অগ্রিম প্রাপ্ত চাঁদা দেখাতে হবে—
i. আয়-ব্যয় হিসাবের ডেবিট দিকে ৮,০০০ টাকা
ii. আয়-ব্যয় হিসাবের ক্রেডিট দিকে চাঁদা হতে বাদ ৮,০০০ টাকা
iii. উদ্বর্তপত্রের দায়ের দিকে অগ্রিম চাঁদা নামে ৮,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৫. একমালিকানা ব্যবসায়ের কোন অসুবিধার কারণে অংশীদারি ব্যবসায়ের উৎপত্তি ঘটে?
ক) ব্যক্তি সামর্থ্যের সীমাবদ্ধতা
খ) পৃথক সত্তার অভাব
গ) অসীম দায়
ঘ) স্থায়িত্বের অভাব

১৬. চলতি বছরে ভাড়া বাবদ প্রদান ১৮,০০০ টাকা। চলতি বছরের ভাড়া $\frac{২}{৫}$অংশ অপ্রদত্ত থাকলে ভাড়া খরচের পরিমাণ কত?
ক) ৪,৫০০ টাকা খ) ১৮,০০০ টাকা
গ) ২২,৫০০ টাকা ঘ) ২৭,০০০ টাকা

১৭. মিস ঐশী একটি অংশীদারি প্রতিষ্ঠানের অংশীদার। সে প্রতি মাসের শেষ তারিখে কারবার থেকে ২,০০০ টাকা করে উত্তোলন করে থাকলে ৫% হার সুদে উত্তোলনের সুদ কত হবে?
ক) ৫৫০ টাকা খ) ৬০০ টাকা
গ) ৬৫০ টাকা ঘ) ১,২০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৫ সালের আর্থিক বছরে প্লাবন লি.-এর নিট লাভ ২,০০,০০০ টাকা। উক্ত বছরের কলকজা বিক্রয় করে ৫০,০০০ টাকা পাওয়া যায়, পক্ষান্তরে ৪০,০০০ টাকার আসবাবপত্র নগদে ক্রয় করা হয়েছে। এছাড়া নতুন শিল্প প্রতিষ্ঠার জন্য শেয়ারের বিপরীতে ৫০,০০০ টাকা মূল্যের ভূমি ক্রয় করা হয়েছে।

১৮. বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ প্রবাহের পরিমাণ কত?
ক) ১০,০০০ টাকা খ) ৪০,০০০ টাকা
গ) ৫০,০০০ টাকা ঘ) ৯০,০০০ টাকা

১৯. শেয়ারের বিনিময়ে ভূমি ক্রয় না করে নগদ টাকায় ক্রয় করলে এর প্রভাবে—
i. পরিচালন কার্যক্রমের নিট নগদ প্রবাহের পরিমাণ হ্রাস পাবে
ii. বিনিয়োগ কার্যক্রমের নিট নগদ প্রবাহ হ্রাস পাবে
iii. ব্যবসায়ের মোট সম্পদের পরিমাণ অপরিবর্তিত থাকবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. বিলিকৃত মূলধনের যে অংশের অর্থ পরিশোধের জন্য শেয়ার মালিকদের নির্দেশ দেয়া হয়, তাকে কী বলে?
ক) তলবকৃত মূলধন খ) আদায়কৃত মূলধন
গ) ইস্যুকৃত মূলধন ঘ) সংরক্ষিত মূলধন

২১. আয়-ব্যয় হিসাব প্রকাশ করে—
i. ডেবিট উদ্বৃত্ত ii. ক্রেডিট উদ্বৃত্ত
iii. শূন্য উদ্বৃত্ত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. পরিবহন সংক্রান্ত শর্ত হলো—
i. FOB Shipping point ii. FOB destination
iii. 2/10,net/30
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. মূল্যস্ফীতির সাথে আয়ের সামঞ্জস্য রাখার জন্য কর্মচারীদেরকে নিম্নের কোনটি প্রদান করা হয়?
ক বোনাস খ মহার্ঘ ভাতা
গ যাতায়াত ভাতা ঘ আনুতোষিক সুবিধা

২৪. যে ব্যয় সিদ্ধান্ত গ্রহণে সরাসরি ভূমিকা রাখে তাকে কী বলে?
ক প্রাসঙ্গিক ব্যয় খ সুযোগ ব্যয়
গ প্রত্যক্ষ ব্যয় ঘ প্রতিস্থাপন ব্যয়

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।
জান্নাত কোম্পানি ২০১৫ সালে ৫,০০,০০০ টাকার কাঁচামাল, ৩,০০,০০০ টাকার শ্রম ব্যয় করে। এছাড়া পরোক্ষ মজুরি ১,০০,০০০ টাকা এবং কারখানা উপরিখরচ প্রত্যক্ষ মজুরির ৪০% নির্বাহ করা হয়। মোট ১০,০০০ একক পণ্য উৎপাদন করে।

২৫. কারখানা ব্যয়ের পরিমাণ কত?
ক ৪,২০,০০০ টাকা খ ৯,০০,০০০ টাকা
গ ৯,২০,০০০ টাকা ঘ ১০,২০,০০০ টাকা

২৬. ব্যয়ের ওপর ২০% লাভে বিক্রয় করলে এককপ্রতি বিক্রয়মূল্য কত?
ক ১২২.৪০ টাকা খ ১১০.৪০ টাকা
গ ১০৮.০০ টাকা ঘ ৫০.৪০ টাকা

২৭. নিচের কোনটি আধা পরিবর্তনশীল ব্যয়?
ক বেতন খরচ খ বাড়িভাড়া
গ টেলিফোন বিল ঘ যাতায়াত খরচ

২৮. বোনাস শেয়ার ইস্যু করলে কোম্পানির—
i. শেয়ারের সংখ্যা বেড়ে যায়
ii. নগদ তহবিল বেড়ে যায়
iii. সঞ্চিতি তহবিল কমে যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. সরকারি কোম্পানিতে মালিকানার কমপক্ষে কতভাগ সরকারের কাছে থাকে?
ক ৪৫ ভাগ খ ৫১ ভাগ
গ ৬৫ ভাগ ঘ ৭৫ ভাগ

৩০. ব্যয়-পরিমাণ-মুনাফা বিশ্লেষণে অনুমান করা হয়—
i. যেকোনো স্তরে বিক্রয়মূল্য স্থির থাকবে
ii. ব্যয়কে স্থির ও পরিবর্তনশীল এই দুইভাগে ভাগ করা হয়
iii. কোনো সমাপনী মজুদ পণ্য থাকবে না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩১. রূপান্তর ব্যয় বলতে বোঝায়—
ক মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয়
খ প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ শ্রম
গ প্রত্যক্ষ শ্রম + কারখানা উপরিব্যয়
ঘ প্রত্যক্ষ শ্রম + প্রত্যক্ষ মাল + পরোক্ষ শ্রম

৩২. নগদ প্রবাহ বিবরণীর ক্ষেত্রে অর্থায়ন কার্যাবলির উদাহরণ কোনটি?
ক ঋণপত্র বিক্রি হতে নগদ প্রাপ্তি
খ জমি বিক্রি হতে নগদ প্রাপ্তি
গ বিনিয়োগ বিক্রয় হতে নগদ প্রাপ্তি
ঘ পণ্য ও সেবা বিক্রয় হতে নগদ প্রাপ্তি

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
সানবীম কোম্পানির ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের তথ্যাবলি নিম্নরূপ:
নগদ তহবিল ২,০০,০০০ টাকা, মজুদ পণ্য ১,৫০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ২,৫০,০০০ টাকা, প্রাপ্য নোট ৫০,০০০ টাকা (৬ মাস মেয়াদি), প্রদেয় হিসাব ১,৮০,০০০ টাকা, প্রদেয় বিল ৭০,০০০ টাকা, অগ্রিম খরচ ২০,০০০ টাকা, বকেয়া খরচ ১০,০০০ টাকা, আয়কর সঞ্চিতি ৪০,০০০ টাকা, ব্যাংক জমা ৩০,০০০ টাকা।

৩৩. সানবীম কোম্পানির চলতি সম্পদের পরিমাণ কত?
ক ৬,৫০,০০০ টাকা খ ৬,৭০,০০০ টাকা
গ ৬,৮০,০০০ টাকা ঘ ৭,০০,০০০ টাকা

৩৪. সানবীম কোম্পানির তারল্য অনুপাত কত?
ক ১.৬৭ : ১ খ ১.৭৭ : ১
গ ১.৮৩ : ১ ঘ ২.২৭ : ১

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।
তোহফা লিমিটেড-এর তথ্যাদি নিচে দেয়া হলো:
স্থায়ী ব্যয় ১,৩০,০০০ টাকা, বিক্রয় ১৫,০০০ একক, মুনাফা ৫০,০০০ টাকা।

৩৫. মোট কন্ট্রিবিউশন মার্জিন কত?
ক ১,৩০,০০০ টাকা খ ১,৪৫,০০০ টাকা
গ ১,৮০,০০০ টাকা ঘ ১,৯৫,০০০ টাকা

৩৬. সমচ্ছেদ বিক্রয় এককের পরিমাণ হচ্ছে—
ক ৪,১৬৭ একক খ ৬,৬৬৭ একক
গ ১০,৮৩৩ একক ঘ ১৫,০০০ একক

উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও।
একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের গুদামে ১ মে তারিখে ২০ টাকা দরে ২০০ কেজি দ্রব্য মজুদ ছিল। ১০ মে তারিখে ১০০ কেজি ইস্যু করে। ১৫ মে ২৫ টাকা দরে ৩০০ কেজি দ্রব্য ক্রয় করে।

৩৭. ১৫ মে তারিখে FIFO পদ্ধতিতে গুদামে রক্ষিত পণ্যের মূল্য কত?
ক ৪,০০০ টাকা খ ৯,৫০০ টাকা
গ ১০,০০০ টাকা ঘ ১১,৫০০ টাকা

৩৮. ১০ মে তারিখে ইস্যুকৃত পণ্যের মূল্য কত?
ক ২,০০০ টাকা খ ২,২৫০ টাকা
গ ২,৫০০ টাকা ঘ ২,৭৫০ টাকা

৩৯. কোম্পানি আইন অনুযায়ী আর্থিক বিবরণীর উপাদান কয়টি?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

৪০. কোম্পানির নামের শেষে লিমিটেড শব্দটি লেখার অর্থ কী?
ক কোম্পানির শেয়ারহোল্ডারদের দায় সীমিত
খ পরিচালকদের দায় সীমিত
গ কোম্পানির মূলধন সীমিত
ঘ কোম্পানির কার্যক্ষেত্র সীমিত

উত্তরমালা

১	খ	২	ঘ	৩	ক	৪	ক	৫	খ	৬	ঘ	৭	ক	৮	ঘ	৯	গ	১০	ঘ	১১	খ	১২	গ	১৩	ঘ	১৪	খ	১৫	ক	১৬	গ	১৭	ক	১৮	ক	১৯	গ	২০	ক
২১	ঘ	২২	ক	২৩	খ	২৪	ক	২৫	ঘ	২৬	ক	২৭	গ	২৮	ঘ	২৯	খ	৩০	ঘ	৩১	গ	৩২	ক	৩৩	খ	৩৪	খ	৩৫	গ	৩৬	গ	৩৭	খ	৩৮	ক	৩৯	ক	৪০	ক